

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিসি অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর-৩৫.০০.০০০০.০১৩.১১.০০১.১৫-১২৮

তারিখ : ২২-০৫-২০১৭

প্রজ্ঞাপন

মোটরযান বিধিমালা, ১৯৮৪ এর বিধি ৮(২) প্রতিসো-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার গাড়ি চালকদের হেভী ড্রাইভিং লাইসেন্স প্রদানের যোগ্যতা শিথিল করে শুধুমাত্র বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর প্রয়োজনীয় সংখ্যক হেভী গাড়ি চালক এর শূন্য পদ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পূরণের জন্য অনুমতি প্রদান করল :

শর্তসমূহ :

০১. আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ি চালনায় কমপক্ষে ৩(তিনি) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
 ০২. আবেদনকারী প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ার পর তাঁকে বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনসিটিউট, গাজীপুর থেকে ভারী যান চালনার উপর কমপক্ষে ১৫(পনের) দিনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
 ০৩. বিধি মোতাবেক হেভী ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে;
 ০৪. এ প্রক্রিয়ায় বিআরটিসি'তে যাঁরা নিয়োগ পাবেন তাঁদেরকে বাধ্যতামূলকভাবে বিআরটিসিতে ১০(দশ) বছর চাকরি করতে হবে; এবং
 ০৫. এটি ভবিষ্যতে নজির হিসেবে প্রদর্শন করা যাবে না।
০২. জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন ০১ জুন, ২০১৭ হতে ৩১ মে, ২০১৮ পর্যন্ত কার্যকর থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(মোঃ এহচানে এলাহী)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৫৫১৯

নম্বর-৩৫.০০.০০০০.০১৩.১১.০০১.১৫-১২৮/১(৮)

তারিখ : ২২-০৫-২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, ২১, রাজউক এভিনিউ, ঢাকা
০২. চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৩. যুগ্মসচিব (বিআরটিএ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ✓ ০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(মোঃ এহচানে এলাহী)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৫৫১৯